

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৫১  
বিশালগড়, ১ আগস্ট, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস  
বিশালগড় মহকুমায় প্রস্তুতি সভা

বিশালগড় মহকুমায় ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আজ মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহকুমা শাসক দেবযানী চৌধুরী। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে আগামী ১৫ আগস্ট বিশালগড় মহকুমা শাসক কার্যালয় প্রাঙ্গণে স্বাধীনতা দিবস উদযাপনের মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে। সকাল ৯টা ১০ মিনিটে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। এদিন প্রভাতফেরীর মধ্য দিয়ে স্বাধীনতা দিবস অনুষ্ঠানের সূচনা হবে। তাছাড়াও স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে মহকুমার বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র ও কেন্দ্রীয় সংশোধনাগারে ফল ও মিষ্টি বিতরণ করা হবে।

\*\*\*\*\*